

স্মারক নং-০৫.৫৫.৯৪০৮.০০০.০০.০০৩.২৪-৬০৯

তারিখ: ৩০ আষাঢ় ১৪৩১  
১৪ জুলাই ২০২৪


### বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্বাধীন বাংলাদেশের মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান -এঁর রাজনৈতিক দর্শন, আদর্শ, কর্মজীবনের অনুপ্রেরণায় “আমার চোখে বঙ্গবন্ধু” বিষয়ে এক মিনিটব্যাপী ভিডিও চিত্র তৈরি করার প্রতিযোগিতা আয়োজন করা হয়েছে। উপজেলার সকল স্কুল-কলেজ ও তদুর্ধ্ব পর্যায়ের ছাত্র/ছাত্রীদের প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো। প্রতিযোগিতায় ০৩ টি গ্রুপে (ক. প্রাথমিক ও সমপর্যায়, খ. মাধ্যমিক ও সমপর্যায়, এবং গ. উচ্চ মাধ্যমিক ও সমপর্যায় ও তদুর্ধ্ব) অনুষ্ঠিত হবে।

### প্রতিযোগিতার নিয়মাবলী

- ভিডিওটি প্রস্তুত করে মেইল/পেনড্রাইভ/ গুগল ড্রাইভ লিংকের মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও এর নিকট আগামী ২৫ জুলাই ২০২৪ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে। তবে, এক্ষেত্রে ড্রাইভ লিংকের এক্সেস পাবলিক ভিউ থাকতে হবে অথবা ইমেইল doictbaliadangithak@gmail.com\_এ অথবা ০১৭২৩৮৯২৪৫৪ এ নাম্বারে whatsapp এর মাধ্যমে পাঠাতে হবে।
- ভিডিও ধারণের ক্ষেত্রে যেকোন মোবাইল ফোন বা ক্যামেরা নিবারণ করা যেতে পারে।
- মোবাইলে ভিডিওটি ধারণের ক্ষেত্রে আড়াআড়িভাবে (১৬:৯ অনুপাত) করতে হবে।
- ভিডিও ধারণের সময় স্থির ভিডিও পেতে ট্রাইপড বা স্ট্যান্ড ব্যবহার করা সব থেকে সুবিধাজনক হবে।
- ভিডিও ধারণের সময় অপ্রয়োজনীয় শব্দ (নয়েজ) বাদ দিতে হবে।
- ভিডিওতে বক্তব্য স্পষ্ট হতে হবে।
- কপিরাইট রয়েছে এমন ভিডিও বা অডিও ব্যবহার থেকে বিরত থাকতে হবে।
- ভিডিওটির ব্যাপ্তি সর্বোচ্চ ০১ মিনিট হতে হবে।
- ভিডিও সম্পাদনার সময় লক্ষ্য রাখতে হবে যেন দর্শকের দৃষ্টিকোণ থেকে যথাযথভাবে ভিডিওটি উপস্থাপিত হয়।
- ভিডিও'র মধ্যে প্রতিযোগীর নাম, শ্রেণি, প্রতিষ্ঠানের নাম, উপজেলার নাম এবং মোবাইল নম্বর দিতে হবে। এবং
- ভিডিও নির্মাণ সংক্রান্ত যেকোন পরামর্শ বা সহযোগিতা পেতে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে অথবা সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর এর কার্যালয়ে যোগাযোগ করা যেতে পারে। যোগাযোগের নম্বর: ০১৭০০৬০৯৩৯৩ (উপজেলা নির্বাহী অফিসার) ও ০১৭২৩৮৯২৪৫৪ (সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর)।

অনুরোধক্রমে,

 ১৪/৭/২০২৪

মোহা: আফছানা কাওছার  
উপজেলা নির্বাহী অফিসার  
বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও  
ফোন: ০৫৬২২-৫৬০০১  
Email: unobaliadangi@mopa.gov.bd



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মন্ত্রিপরিষদ বিভাগ



# আমার চোখে [বঙ্গবন্ধু]

এক মিনিটব্যাপী ভিডিওচিত্র তৈরির প্রতিযোগিতা

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ১৫ আগস্ট জাতীয় শোক দিবস ২০২৪ যথাযোগ্য মর্যাদায় পালন উপলক্ষ্যে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জীবন ও দর্শনকে উপজীব্য করে 'আমার চোখে বঙ্গবন্ধু' শীর্ষক এক মিনিটব্যাপী ভিডিওচিত্র তৈরির প্রতিযোগিতা আয়োজন করা হয়েছে। প্রতিযোগিতায় সকল স্কুল-কলেজ ও তদূর্ধ্ব পর্যায়ের ছাত্র/ছাত্রীদের অংশগ্রহণের জন্য অনুরোধ করা হল।

## প্রতিযোগিতার নিয়মাবলি

- ভিডিও ধারণের ক্ষেত্রে যেকোন মোবাইল ফোন বা ক্যামেরা নির্বাচন করা যেতে পারে;
- মোবাইলে ভিডিওটি ধারণের ক্ষেত্রে আড়াআড়িভাবে (১৬:৯ অনুপাত) করতে হবে;
- ভিডিও ধারণের সময় স্থির ভিডিও পেতে ট্রাইপড বা স্ট্যান্ড ব্যবহার করা সব থেকে সুবিধাজনক;
- ভিডিও ধারণের সময় অপ্রয়োজনীয় শব্দ (নয়েজ) বাদ দিতে হবে; ভিডিওতে বক্তব্য স্পষ্ট হতে হবে;
- কপিরাইট রয়েছে এমন ভিডিও বা অডিও ব্যবহার থেকে বিরত থাকতে হবে;
- ভিডিওটির ব্যাপ্তি সর্বোচ্চ ০১ মিনিট হতে হবে; বাংলা ভাষায় ভিডিওচিত্র নির্মাণ করতে হবে;
- ভিডিও সম্পাদনার সময় লক্ষ্য রাখতে হবে, যেন দর্শকের দৃষ্টিকোণ থেকে যথাযথভাবে ভিডিওটি উপস্থাপিত হয়;
- ভিডিওর মধ্যে প্রতিযোগীর নাম, শ্রেণি, প্রতিষ্ঠানের নাম, উপজেলার নাম এবং মোবাইল নম্বর দিতে হবে;
- দলীয় ভিডিওর ক্ষেত্রে সদস্য সংখ্যা ৫ জনের বেশি হতে পারবে না। এক্ষেত্রে পুরস্কারের অর্থ সমহারে সদস্যদের মাঝে বন্টন করা হবে।
- উপজেলার ক্ষেত্রে ভিডিও সমূহ মেইল/পেন ড্রাইভ/ড্রাইভ লিঙ্কের মাধ্যমে ১৪ আগস্ট ২০২৪ তারিখের মধ্যে উপজেলা নির্বাহী অফিসার-এর নিকট প্রেরণ করতে হবে। এক্ষেত্রে ড্রাইভ লিংকের এক্সেস পাবলিক ভিউ থাকতে হবে;
- সিটি কর্পোরেশন (ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী ও খুলনা) এলাকার ভিডিও সমূহ মেইল/পেন ড্রাইভ/ড্রাইভ লিঙ্কের মাধ্যমে ১৪ আগস্ট ২০২৪ তারিখের মধ্যে সিটি কর্পোরেশন (ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী ও খুলনা) পর্যায়ের বাছাই কমিটির সভাপতি অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) বরাবর প্রেরণ করতে হবে। এক্ষেত্রে ড্রাইভ লিংকের এক্সেস পাবলিক ভিউ থাকতে হবে;
- ভিডিও নির্মাণ সংক্রান্ত যেকোন পরামর্শ বা সহযোগিতা পেতে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে যোগাযোগ করা যেতে পারে।
- YouTube Link- [www.youtube.com/@AmarChokhe\\_Bangabandhu](http://www.youtube.com/@AmarChokhe_Bangabandhu) এ নমুনা ভিডিও আপলোড করা আছে। লিংক থেকে ধারণা নেয়া যাবে, তবে ইউটিউবে আপলোড করা ভিডিওর প্রতিরূপ তৈরি করা থেকে বিরত থাকতে হবে।

### অনুরোধক্রমে

মোছাঃ আফছানা কাওছার  
উপজেলা নির্বাহী অফিসার  
বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও

